# Times Today BD

সিনিয়র রিপোর্টার | জাতীয় | 13 April, 2025

বাংলা নববর্ষ উপলক্ষে মেট্রোরেলের দুটি স্টেশন বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ।আগামীকাল সোমবার সকাল থেকে দুপুর ১২টা পর্যন্ত মেট্রোর শাহবাগ ও টিএসসি স্টেশন দুটি বন্ধ থাকবে।আজ রোববার ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানি লিমিটেড (ডিএমটিসিএল) তাদের অফিশিয়াল ফেসবুক পেজে এ-সংক্রান্ত একটি বিশেষ ঘোষণা দিয়েছে।

বিশেষ ঘোষণায় বলা হয়েছে, বাংলা নববর্ষ ১৪৩২ সুষ্ঠুভাবে উদ্‌যাপন উপলক্ষে জননিরাপত্তার স্বার্থে ১৪ এপ্রিল ঢাকা বিশ্ববিদ্যালয় ও শাহবাগ মেট্রোরেল স্টেশন দুটি দুপুর ১২টা পর্যন্ত বন্ধ থাকবে।সাময়িক অসুবিধার জন্য মেট্রোরেল কর্তৃপক্ষ আন্তরিকভাবে দুঃখিত।

নববর্ষ মেট্রোরেল স্টেশন ঢাকা বিশ্ববিদ্যালয়

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 16:30

URL: https://www.timestodaybd.com/national/775807722